

প্রেস রিলিজ

১৯ ফেব্রুয়ারি ২০২৫

বাউবিকে দেশের সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা হবে - বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের “একাডেমিক কার্যক্রম বাস্তবায়নের সমস্যা পর্যালোচনা ও সমাধানের কৌশল নির্ধারণ” শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা আজ ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে বুধবার বাউবির কেন্দ্রীয় সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের লেকচার গ্যালারিতে অনুষ্ঠিত হয়। কর্মশালার প্রধান অতিথি ছিলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি তাঁর বক্তব্যে বলেন, শিক্ষকরা হচ্ছেন মানুষ গড়ার কারিগর। তাঁরা দেশ ও জাতির আশা আকাংখার প্রতীক। মাতৃভূমিকে ভালোবেসে নীতি ও আদর্শকে সমুন্নত রেখে বাউবি পরিবারের সবাই মিলে একটি সুন্দর বাংলাদেশ গড়ার সহযোগিতার জন্য শিক্ষকদের প্রতি তিনি আহ্বান জানান। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে দেশের সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা হবে বলে উপাচার্য তাঁর আশাবাদ ব্যক্ত করেন।

বিভিন্ন স্কুলের ডীন ও শিক্ষকরা তাঁদের বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম বাস্তবায়নের বিভিন্ন সমস্যা এবং তা সমাধানের কৌশল নির্ধারণের জন্য প্রয়োজনীয় সুপারিশের কথা উপাচার্যের নিকট বিস্তারিত তুলে ধরেন। উপাচার্য মনোযোগ সহকারে তাঁদের বক্তব্য শোনেন এবং তা দ্রুত সমাধানের আশ্বাস প্রদান করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে “স্কুল অব ল” পুনরায় চালু করার ব্যবস্থা নেয়া হয়েছে বলেও কর্মশালায় তিনি জানান। বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। কর্মশালা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। বাউবির প্রশাসন বিভাগের প্রশিক্ষণ ও গবেষণা শাখা আয়োজিত এ কর্মশালায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ১৩২ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
তথ্য ও গণসংযোগ বিভাগ
বাউবি